



# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার লেটার নং-১৪

১৫ বৈশাখ ১৪২৯

তারিখ: -----

২৮ এপ্রিল ২০২২

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

২৯ ও ৩০ এপ্রিল ২০২২ তারিখে সীমিত পরিসরে ব্যাংকিং কার্যক্রম পরিচালনা প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

১৮ এপ্রিল ২০২২ তারিখে জারিকৃত ডিওএস সার্কুলার লেটার নং ১২-এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। উক্ত সার্কুলার লেটারের মাধ্যমে ঢাকা মহানগরীসহ কিছু নির্দিষ্ট অঞ্চলে অবস্থিত ব্যাংক শাখাসমূহ ৩০ মার্চ ২০২২ তারিখের ডিওএস সার্কুলার লেটার নং ১০-এ বর্ণিত রমজান মাসের সময়সূচি মোতাবেক ২৯ ও ৩০ এপ্রিল ২০২২ তারিখে খোলা রাখার নির্দেশনা প্রদান করা হয়।

২। এ বছর ঈদ-উল-ফিতর উপলক্ষে ব্যবসা-বাণিজ্যে অধিক পরিমাণে লেনদেন সংঘটিত হচ্ছে বিধায় ব্যাংক ব্যবস্থায় নগদ অর্থ জমা ও উত্তোলনের পরিমাণ বৃদ্ধি পেয়েছে। এ প্রেক্ষিতে, সর্বসাধারণের সুবিধার্থে ৩০ এপ্রিল ২০২২ তারিখে নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সীমিত সংখ্যক লোকবলের মাধ্যমে সারাদেশে সীমিত পরিসরে ব্যাংকিং কার্যক্রম পরিচালিত হবে:

ব্যাংকিং লেনদেনের সময়সূচি	লেনদেন পরবর্তী আনুষঙ্গিক কার্যক্রম সম্পাদনের সময়কাল
সকাল ৯:৩০ ঘটিকা হতে অপরাহ্ন ১:০০ ঘটিকা পর্যন্ত	অপরাহ্ন ২:৩০ ঘটিকা পর্যন্ত।

৩। এতদ্ব্যতীত, ১৮ এপ্রিল ২০২২ তারিখে জারিকৃত ডিওএস সার্কুলার লেটার নং ১২-এর আংশিক সংশোধনপূর্বক শুধুমাত্র উক্ত সার্কুলার লেটারে বর্ণিত অঞ্চলসমূহে ২৯ এপ্রিল ২০২২ তারিখে নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী ব্যাংকিং কার্যক্রম পরিচালিত হবে:

ব্যাংকিং লেনদেনের সময়সূচি	লেনদেন পরবর্তী আনুষঙ্গিক কার্যক্রম সম্পাদনের সময়কাল
সকাল ৯:৩০ ঘটিকা হতে অপরাহ্ন ১২:৩০ ঘটিকা পর্যন্ত	অপরাহ্ন ৩:০০ ঘটিকা পর্যন্ত।

৪। ২৯ ও ৩০ এপ্রিল ২০২২ তারিখে নগদ লেনদেনের সুবিধার্থে বাংলাদেশ ব্যাংকের সংশ্লিষ্ট অফিস/বিভাগ সীমিত পরিসরে খোলা থাকবে।

ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১-এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে জনস্বার্থে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আনোয়ারুল ইসলাম)

মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০০৯৩